

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "ডিজিটাল ফরেনসিক ল্যাবরেটরি নির্মাণ" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণী:

|            |                                                                     |
|------------|---------------------------------------------------------------------|
| সভাপতি     |                                                                     |
| সভার তারিখ | ১৯ জুলাই ২০২৬                                                       |
| সভার সময়  | সকাল: ১০.১৫ ঘটিকা                                                   |
| স্থান      | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষ (কক্ষ নং-২০৮, ভবন-০৮, ৩য় তলা) |
| উপস্থিতি   | পরিশিষ্ট 'ক'                                                        |

২.০ আলোচনা ও সিদ্ধান্ত:

| প্রকল্প সম্পর্কিত তথ্যাদি                                                                                                                                                                                                                       | আলোচনা                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                          | সিদ্ধান্ত                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                         |
|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <p><b>প্রকল্পের নাম:</b> "ডিজিটাল ফরেনসিক ল্যাবরেটরি নির্মাণ" শীর্ষক প্রকল্প</p> <p><b>প্রকল্পের মেয়াদ (প্রস্তাবিত):</b> জুলাই ২০২৬ হতে জুন ২০২৯</p> <p><b>প্রাক্কলিত ব্যয় :</b> ১১২৪.৭৭ (এগার কোটি চব্বিশ লক্ষ সাতাত্তর হাজার) লক্ষ টাকা</p> | <p>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি বলেন, মাদক সংক্রান্ত অপরাধের প্রযুক্তিনির্ভর তদন্ত ও প্রমাণ উপস্থাপনা নিশ্চিত করে দেশে মাদকদ্রব্য অপরাধ দমন কার্যক্রমকে আরও নিখুঁত ও কার্যকর করার উদ্দেশ্যে বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে নিম্নরূপ অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে- "মাদক ও তামাক আমদানি, উত্পাদন, বিপণন ও বাংলাদেশে এসবের বেআইনি প্রবেশ রোধে কঠোর আইন প্রয়োগ করা হবে।" প্রকল্পটি বাস্তবায়িত হলে ডিজিটাল ডিভাইস, মোবাইলের মাধ্যমে মাদকের অনুপ্রবেশ ও বিপণন রোধে কঠোর অবস্থান গ্রহণ করা সম্ভব হবে।</p> <p>এছাড়া 'মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮'-এর ৫৬ ধারার অধীনে ভিডিও, স্ট্রিচিট্র বা অডিও ক্লিপ আদালতে সাক্ষ্য হিসেবে উপস্থাপনের জন্য তার প্রামাণ্য (authenticity) প্রযুক্তিগতভাবে যাচাই করা সম্ভব হবে এবং মাদক অপরাধীদের যথাযথ বিচার নিশ্চিত করা সম্ভব হবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত ২০২৬) এর ধারা ৩৫ক মোতাবেক-</p> <p>"(১) সরকার অধিদপ্তরে মাদক সংক্রান্ত সাইবার ক্রাইম নিয়ন্ত্রণ শাখা ও ডিজিটাল ফরেনসিক ল্যাবরেটরি স্থাপন ও প্রতিষ্ঠা করিতে পারিবে।</p> <p>(৩) কোনো ব্যক্তি, গোষ্ঠী বা প্রতিষ্ঠান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ইন্টারনেট, ডার্ক ওয়েব, সামাজিক যোগাযোগ মাধ্যম, ওয়েবসাইট, মোবাইল অ্যাপ্লিকেশন, ই-মেইল, এনক্রিপটেড মেসেজিং বা অন্য কোনো ডিজিটাল মাধ্যম ব্যবহার করিয়া মাদকদ্রব্যের ক্রয়-বিক্রয়, সরবরাহ, পরিবহন বা বিতরণের উদ্দেশ্যে যোগাযোগ পরিচালনা করিলে, অথবা মাদকদ্রব্য সংশ্লিষ্ট ডিজিটাল পেমেন্ট ব্যবস্থা, ই-ওয়ালেট, ভার্চুয়াল সম্পদ বা ক্রিপ্টোকারেন্সি ব্যবহার করিলে, তাহা এই আইনের অধীন অপরাধ বলিয়া গণ্য হইবে।"</p> <p>প্রকল্পটি বাস্তবায়িত হলে ৩৫ক ধারা বাস্তবায়ন সম্ভব হবে এবং ডিজিটাল ডিভাইসের মাধ্যমে মাদক অপরাধ সনাক্ত করা সম্ভব হবে। সভায় প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য, বিভিন্ন অঙ্গের অঙ্গাভিভিক</p> | <p>ক) প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য আরো সুনির্দিষ্টভাবে উল্লেখসহ, ডিপিপিতে প্রদত্ত তথ্য-উপাত্ত হালনাগাদ করা এবং প্রকল্পটি নির্বাচনী ইশতেহারে প্রদত্ত প্রতিশ্রুতি অর্জনে কিভাবে অবদান রাখবে তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;</p> <p>খ) বিভিন্ন ডিজিটাল সরঞ্জামাদির উন্নত, আধুনিক এবং যুগোপযোগী নিশ্চিত করাসহ এগুলোর প্রাক্কলিত ব্যয় যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে;</p> <p>গ) ইন্টেরিয়র খাতের ব্যয় হ্রাসপূর্বক পুনঃনির্ধারণ করতে হবে;</p> <p>ঘ) ডিজিটাল ফরেনসিক ল্যাব পরিচালনায় দক্ষ ও প্রশিক্ষিত জনবল সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ও উপযুক্ত প্রশিক্ষণ অঙ্গা অন্তর্ভুক্ত করতে হবে;</p> <p>ঙ) প্রকল্প চলাকালীন সময়ের জনবলের বেতন-ভাতা সম্ভাব্য পে-স্কেল অনুযায়ী নির্ধারণ করে ডিপিপি'তে অন্তর্ভুক্ত করতে হবে;</p> |

প্রাক্কলিত ব্যয়, ক্রয় পরিকল্পনা, বাস্তবায়ন মেয়াদকাল ও বাস্তবায়ন কৌশল ইত্যাদি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য আরো সুনির্দিষ্টভাবে উল্লেখসহ, ডিপিপিতে প্রদত্ত তথ্য-উপাত্ত হালনাগাদ করা এবং প্রকল্পটি নির্বাচনী ইশতেহারে প্রদত্ত প্রতিশ্রুতি অর্জনে কিভাবে অবদান রাখবে তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

ডিজিটাল ফরেনসিক ল্যাব পরিচালনায় দক্ষ ও প্রশিক্ষিত জনবলের অপরিহার্যতা বিবেচনায় প্রস্তাবিত প্রয়োজনীয় ও উপযুক্ত প্রশিক্ষণ সংক্রান্ত অঙ্গ থাকা আবশ্যিক মর্মে সভায় সিদ্ধান্ত প্রদান করা হয়।

প্রকল্পের আওতায় বিভিন্ন ডিজিটাল সরঞ্জামাদির উন্নত, আধুনিক এবং যুগোপযোগী নিশ্চিত করাসহ এগুলোর প্রাক্কলিত ব্যয় যৌক্তিকভাবে নির্ধারণ এবং এবং ইন্টেরিয়র খাতের ব্যয় হ্রাসপূর্বক পুনঃনির্ধারণ করা প্রয়োজন মর্মেও সভায় সিদ্ধান্ত প্রদান করা হয়।

প্রকল্পের মেয়াদ অনেক বেশী বিধায় তা বাস্তবসম্মত করা প্রয়োজন এবং হালনাগাদ ফরম্যাটে ডিপিপি প্রণয়ন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত প্রদান করা হয়।

সভায় প্রকল্পভোর ফরেনসিক ডিজিটাল ল্যাব পরিচালন ও রক্ষণাবেক্ষণ কিভাবে করা হবে সে বিষয়ে জানতে চাইলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি বলেন, প্রকল্প সমাপ্তির পর প্রকল্পে ক্রয়কৃত যন্ত্রপাতি, সফটওয়্যার ও অন্যান্য সামগ্রী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের রাজস্ব বাজেটে স্থানান্তরিত হবে। ফরেনসিক সফটওয়্যারসমূহের প্রাথমিক লাইসেন্সের মেয়াদ থাকবে ৩ বছর। ৩ বছর পর থেকে ফরেনসিক সল্যুশনের বার্ষিক নবায়ন ফি বাবদ প্রতিবছর প্রায় ১.১৫ কোটি টাকার প্রয়োজন হবে, যা অধিদপ্তরের রাজস্ব বাজেট থেকে নির্বাহ করা হবে। এছাড়া ওয়ার্কস্টেশন, সার্ভার এবং অন্যান্য সামগ্রীর ক্ষেত্রে সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে প্রযোজ্য ক্ষেত্রে মেইনটেন্যান্স চুক্তি করা হবে এবং প্রয়োজনীয় ব্যয় রাজস্ব বাজেট থেকে নির্বাহ করা হবে।

অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রকল্পের জনবলের বিষয়ে জানতে চাইলে কারা অধিদপ্তরের প্রতিনিধি জানান, ফরেনসিক ল্যাবটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিজস্ব জনবল দ্বারা পরিচালিত হবে। ফরেনসিক ল্যাবটি পরিচালনা করার জন্য ১ জন উপ-পরিচালক, ২ জন সহকারী পরিচালক, ১ জন পরিদর্শক, ৩ জন উপপরিদর্শক, ১ জন কম্পিউটার অপারেটর, ২ জন সিপাই এবং ১ জন অফিস সহায়ক পদায়িত থাকবেন। প্রাথমিকভাবে বিদ্যমান জনবল থেকে সংযুক্তির মাধ্যমে পদায়ন করে ল্যাবটি চালু করা হবে।

এছাড়া অধিদপ্তরের অর্গানোগ্রামে সাইবার ক্রাইম ইউনিট স্থাপনের প্রস্তাব করা হয়েছে যেখানে ৭৭ জন জনবল থাকবে। পরবর্তিতে উক্ত ইউনিটে পদায়িত জনবলের মাধ্যমে ডিজিটাল ফরেনসিক ল্যাবটি পরিচালনা করা হবে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি আরো বলেন, প্রকল্পে ক্রয়কৃত ফরেনসিক সল্যুশনসমূহের প্রত্যেকটির সাথে 2 level Basic Local Training (6 Persons) (বৈদেশিক প্রশিক্ষণের পূর্বে এবং পরে) এবং Certification Foreign Training (4 Persons) এর সংস্থান রাখা হয়েছে। প্রতিটি সল্যুশনের প্রাক্কলিত মূল্যের সাথে প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে এবং স্পেসিফিকেশনের সাথে প্রশিক্ষণের বিষয়টি উল্লেখ করে দরপত্র আহবান করা হবে। যথাযথ লোকাল এবং বৈদেশিক প্রশিক্ষণের মাধ্যমে পদায়িত

চ) প্রকল্পের মেয়াদ বাস্তবসম্মতভাবে পুনঃনির্ধারণ করতে হবে; এবং

ছ) হালনাগাদ ফরম্যাটে ডিপিপি প্রণয়ন করতে হবে।

জ) উপরোক্ত ক-ছ পর্যন্ত সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

জনবলকে দক্ষ হিসেবে গড়ে তোলা হবে। এছাড়া, প্রকল্পের জন্য আলাদা কোন স্থাপনা নির্মাণের প্রয়োজন নেই। প্রস্তাবিত ফরেনসিক ল্যাবটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের ৯ম তলায় স্থাপিত হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় ইন্টেরিয়র কাজের সংস্থান প্রকল্পে রাখা হয়েছে।  
অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্পের জনবলের বেতন ভাতা সম্ভাব্য পেন্সন অনুযায়ী ডিপিপিতে সংস্থান রাখার নির্দেশনা প্রদান করেন।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করা হয়।

#### সংযুক্তিঃ

(১) CamScanner 07-23-2026 11.00



২৬-০৭-২০২৬  
মনজুর মোর্শেদ চৌধুরী  
সিনিয়র সচিব

ফোন : +৮৮০২২২৩৩৫৩৭১০

ফ্যাক্স : +৮৮-০২-৯৩৪৭২৯০


ইমেইল : secretary@moha.gov.bd

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.০৬৫.১৫.০০১৩.২৬.১১৩

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ  
২৬ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

#### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
- ৪। যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-২ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৫। যুগ্মসচিব, বাজেট-১ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট-২, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।



২৬-০৭-২০২৬  
মোঃ সাইফুল ইসলাম  
সহকারী সচিব